সেট-খ

# ৪ ✓ কুমিল্লা বোর্ড ২০২৪

বিষয় কোড : 1 5 4

সময়—২৫ মিনিট

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ○ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. আমরা অন্তত কয়টি মিডিয়া ব্যবহার করে নিজেদেরকে প্রকাশ করতে পারি?
ক) ১ খ) ২
গ) ৩ ঘ) ৪

২. মুদ্রণ প্রকাশনায় গ্রাফিক্স ডিজাইনের ক্ষেত্রে কম্পিউটারের ব্যবহার শুরু হয় কখন থেকে?
ক) ষাটের দশক খ) সত্তরের দশক
গ) আশির দশক ঘ) নব্বই দশক

৩. পাওয়ার পয়েন্টের ফাইলকে কী বলা হয়?
ক) স্লাইড
খ) হ্যান্ড আউটস
গ) প্রেজেন্টেশন
ঘ) স্লাইড লেআউট

৪. স্লাইডে ভিডিও যুক্ত করতে হলে কোন অপশন ব্যবহার করতে হবে?
ক) File খ) View
গ) Insert ঘ) Side Show

৫. বর্তমানে বিশ্বব্যাপী জনপ্রিয় ছবি সম্পাদনার প্রোগ্রামের নাম কোনটি?
ক) এডোবি ইলাস্ট্রেটর
খ) এডোবি ফটোশপ
গ) এডোবি ওয়ার্ড
ঘ) এডোবি এক্সেল

৬. থাম্বনেইল অর্থ কী?
ক) বড় ছবির ক্ষুদ্র সংস্করণ
খ) ছোট ছবির বড় সংস্করণ
গ) ছবি জোড়া লাগানো
ঘ) ছবি বিচ্ছিন্ন করা

■ নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :

| SL. No. | Name | Age | Distric | Dat of Birth |
|---|---|---|---|---|
| 1 | Rahul | 30 | Dhaka | 4-07-1993 |
| 2 | Malek | 40 | Comilla | 11-01-1983 |
| 3 | Amina | 50 | Mymensingh | 01-01-1974 |

৭. উপরের ডেটাবেজটিতে কয়টি রেকর্ড রয়েছে?
ক) 6 খ) 5
গ) 4 ঘ) 3

৮. উপরের ডেটাবেজটিতে কয় ধরনের ডাটা রয়েছে?
ক) 3 খ) 8
গ) 5 ঘ) 6

৯. কোন সফটওয়্যার আনইনস্টল করতে প্রথমে কোথায় যেতে হবে?
ক) স্টার্ট বাটন থেকে কন্ট্রোল প্যানেল
খ) ডাবল ক্লিক করে অ্যাড অর রিমুভ
গ) নির্ধারিত ড্রাইভ থেকে সফটওয়্যারে
ঘ) উইন্ডোজ + r চেপে Run Command

১০. ডেটাবেজে ভুল এড়াতে কিছু শর্তযুক্ত ডেটা এন্ট্রি সীমাকে কী বলে?
ক) কুয়েরি
খ) রেকর্ড রেফারেন্স
গ) ভিবেজ
ঘ) ইনপুট ভেলিডেশন

১১. বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় কোনটির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে?
ক) ইউনিয়ন ইনফরমেশন সেন্টার
খ) বঙ্গবন্ধু স্যাটেলাইট-১
গ) কম্পিউটার
ঘ) ফেসবুক

১২. কোন কমান্ড ব্যবহার করে বড় কোন ডকুমেন্টে অল্প সময়ে শব্দ খোঁজা যায়?
ক) ফাইন্ড টেমপ্লেট
খ) ফাইন্ড ওয়ার্ড
গ) ফাইন্ড রিপ্লেস
ঘ) ফাইন্ড গ্রাফ

১৩. ডকুমেন্টে কোনো ছবি যোগ করতে রিবনের কোন ট্যাব ব্যবহার করতে হয়?
ক) হোম খ) ফাইল
গ) ভিউ ঘ) ইনসার্ট

১৪. কোনো ডকুমেন্ট প্রথমবার সংরক্ষণ করতে কোনটি ব্যবহার করা হয়?
ক) নিউ খ) ওপেন
গ) সেইভ ঘ) সেইভ এজ

১৫. সিস্টেম অত্যন্ত গরম হয়ে অস্বাভাবিকভাবে কম্পিউটার বন্ধ হয়ে গেলে—
i. কেসিংটি খোলতে হবে
ii. মাদারবোর্ড থেকে সতর্কতার সাথে প্রসেসর ফ্যানটি সরাতে হবে
iii. নতুন RAM লাগাতে হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬. নিচের কোনটি ডেটাবেজ প্রোগ্রাম?
ক) ম্যাক্রো
খ) ডিবিএমএস
গ) ফর্ম
ঘ) প্যারাডক্স

১৭. লিখিত অংশ ছাড়াও কোন বইয়ে অডিও/ভিডিও/এনিমেশন ইত্যাদি সংযুক্ত থাকলে তাকে কী বলে?
ক) ই-বুক
খ) ই-বুকের অ্যাপস
গ) পোর্টেবল ডকুমেন্ট ফরম্যাট
ঘ) চৌকস ই-বুক

১৮. ডিজিটাল কনটেন্টকে প্রধানত কয়টি ভাগে ভাগ করা যায়?
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

১৯. প্রচলিত ই-বুক রিডারের মধ্যে কোনটি বেশি জনপ্রিয়?
ক) কিন্ডল
খ) ই-পাব
গ) আইপ্যাড
ঘ) ই-অ্যাপস

২০. ফ্রিল্যান্সের কাজ করার জন্য বেশি দরকার—
i. ফ্রি-ল্যান্সারের ধৈর্য
ii. ফ্রি-ল্যান্সারের কম্পিউটার ভাষার দক্ষতা
iii. ফ্রি-ল্যান্সের ইংরেজি ভাষার দক্ষতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১. টুইটারে একটি টুইটে (Tweet) সর্বোচ্চ অক্ষরের বার্তা দেয়া যায়?
ক) ১৪০ খ) ১৪৪
গ) ১৫০ ঘ) ১৫৪

২২. বর্তমানে সরকারি ও বেসরকারি কাজে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের ফলে—
i. স্বল্প সময়ে সেবা পাওয়া যায়
ii. সেবার মান উন্নত হয়েছে ছুটির দিনেও সেবা পাওয়া যায়
iii. ছুটির দিনেও সেবা পাওয়া যায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. বড় বড় সফটওয়্যার কোম্পানিগুলো তাদের মেধাস্বত্ব সংরক্ষণ ও বিশ্বব্যাপী পাইরেসি নজরদারির জন্য কোন সংস্থা গড়ে তোলেছে?
ক) ISA খ) BSA
গ) VSA ঘ) CSA

■ নিচের ওয়ার্কশিটটি লক্ষ্য কর এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :

| | A | B | C | D |
|---|---|---|---|---|
| 1 | ক্রয়মূল্য | লাভ (%) | বিক্রয়মূল্য | |
| 2 | 1500 | 15 | ? | |
| 3 | | | | |

২৪. '?' চিহ্নিত সেলের ঠিকানা কোনটি?
ক) C3 খ) C2
গ) 3C ঘ) 2C

২৫. বিক্রয়মূল্য নির্ণয় করতে কোন সূত্রটি প্রয়োগ করতে হবে?
ক) = A2 + B2*A2%
খ) = A2%+B2*A2
গ) = A2 + B2 + A2%
ঘ) = A2*B2%+A2

## ৪ ✓ কুমিল্লা বোর্ড ২০২৪

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | গ | ৪ | গ | ৫ | খ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | ঘ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ |
| ১৪ | গ | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ঘ | | |

www.prokashitcare.com